গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন
শিল্প মন্ত্রণালয়
৯১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.npo.gov.bd

নং-৩৬.১০.০০০০.০১৬.২৩.০১২(অংশ-১)/১৭- তারিখঃ ২৪/০৮/২০১৭ খ্রিঃ

বিষয়ঃ **আগামী ০২ অক্টোবর, ২০১৭ ইং "জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০১৭" উদযাপনের লক্ষ্যে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী প্রেরণ প্রসংগে।**

জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০১৭ উদযাপনের লক্ষ্যে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভা গত ২২/০৮/২০১৭ ইং তারিখ সকাল ১১.৩০ টায় শিল্প মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন শিল্প মন্ত্রণালয়ের সচিব জনাব মোহাম্মদ আব্দুল্লাহ্। উক্ত সভার কার্যবিবরণী মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হল।

(এস.এম. আশরাফুজ্জামান)
পরিচালক (যুগ্ম সচিব)
ফোনঃ ৯৫৬২৮৮৩

বিতরণ : কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব,সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। সচিব, সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। সচিব, জ্বালাণি ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। উপাচার্য, বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১৬। উপাচার্য, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।
১৭। এক্সিকিউটিভ চেয়ারম্যান, বেপজা, রোড নং-৬, ধানমন্ডি, ঢাকা।
১৮। অতিরিক্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, ঢাকা।
১৯। অতিরিক্ত সচিব (স্বস), শিল্প মন্ত্রণালয়, ঢাকা।
২০। অতিরিক্ত সচিব (বিরা ও বেসরকারি খাত), শিল্প মন্ত্রণালয়, ঢাকা।
২১। অতিরিক্ত সচিব (প্রশাসন), শিল্প মন্ত্রণালয়, ঢাকা।
২২। অতিরিক্ত সচিব (উন্নয়ন ও গবেষণা), শিল্প মন্ত্রণালয়, ঢাকা।
২৩। অতিরিক্ত সচিব (অধি ও আইন), শিল্প মন্ত্রণালয়, ঢাকা।
২৪। অতিরিক্ত সচিব (ইঃগভ, আইসিটি ও এমআইএস), শিল্প মন্ত্রণালয়, ঢাকা।
২৫। চেয়ারম্যান, বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি), বিসিআইসি ভবন, ৩০-৩১, দিলকুশা বা/এ, ঢাকা।
২৬। চেয়ারম্যান, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন, ১৩৭-১৩৮, মতিঝিল বা/এ, ঢাকা।
২৭। চেয়ারম্যান, বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল শিল্প কর্পোরেশন, বিএসইসি শিল্প ভবন, ১০২, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার, ঢাকা।
২৮। চেয়ারম্যান, বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন, চিনি শিল্প ভবন, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০।
২৯। চেয়ারম্যান, বাংলাদেশ পাটকল কর্পোরেশন, মতিঝিল বা/এ, ঢাকা।
৩০। চেয়ারম্যান, বাংলাদেশ বস্ত্রকল কর্পোরেশন, বস্ত্র ভবন, কাওরান বাজার, ঢাকা।
৩১। মহাপরিচালক, বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউট, মান ভবন,১১৬/ক, তেঁজগাও শি/এ, ঢাকা।
৩২। মহাপরিচালক, বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম), ৪ সোবহানবাগ, মিরপুর রোড, ঢাকা।

৩৩। মহাপরিচালক, বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক), তেঁজগাও শি/এ, ঢাকা।
৩৪। মহাপরিচালক, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি), শিল্প মন্ত্রণালয়, ৯১,মতিঝিল বা/এ, ঢাকা।
৩৫। ব্যবস্থাপনা পরিচালক, এসএমই ফাউন্ডেশন, রয়েল টাওয়ার, ৪, পান্থপথ, ঢাকা।
৩৬। রেজিষ্ট্রার, পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর, শিল্প মন্ত্রণালয়, ৯১,মতিঝিল বা/এ, ঢাকা।
৩৭। প্রধান বয়লার পরিদর্শক, প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়, শিল্প মন্ত্রণালয়, ৯১,মতিঝিল বা/এ, ঢাকা।
৩৮। ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান সম্পাদক, বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস), ৬৮/২ম পুরানা পল্টন, ঢাকা।
৩৯। যুগ্ম সচিব (বিরা),শিল্প মন্ত্রণালয়, ঢাকা।
৪০। যুগ্ম সচিব(প্রঃ-১), শিল্প মন্ত্রণালয়, ঢাকা।
৪১। যুগ্ম সচিব(প্রঃ-২), শিল্প মন্ত্রণালয়, ঢাকা।
৪২। যুগ্ম সচিব(বিএসএফআইসি), শিল্প মন্ত্রণালয়, ঢাকা।
৪৩। যুগ্ম সচিব(বিসিআইসি), শিল্প মন্ত্রণালয়, ঢাকা।
৪৪। সভাপতি, বাংলাদেশ অর্থনীতি সমিতি, ৪/সি ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
৪৫। সভাপতি, ইঞ্জিনিয়ার্স ইনিষ্টিটিউট অব বাংলাদেশ, রমনা, ঢাকা।
৪৬। সভাপতি, বাংলাদেশ ঔষধ শিল্প সমিতি, হাউজ নং-৪১ (২য় তলা), ব্লক-১, রোড-৪, বনানী, ঢাকা।
৪৭। সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি, ৬০, মতিঝিল বা/এ, ঢাকা।
৪৮। সভাপতি, এমপ্লয়ার্স ফেডারেশন, চেম্বার বিল্ডিং, ১২২-১২৪, মতিঝিল বা/এ, ঢাকা।
৪৯। সভাপতি, ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি, ৬৫-৬৬, মতিঝিল বা/এ, ঢাকা।
৫০। সভাপতি, বাংলাদেশ চেম্বার অব ইন্ডাষ্ট্রি, বিসিআইসি ভবন, ৩০-৩১, দিলকুশা বা/এ, ঢাকা।
৫১। সভাপতি, জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি বাংলাদেশ (নাসিব), মেজবাহ উদ্দিন প্লাজা, ৯১, নিউ সার্কুলার রোড, ঢাকা।
৫২। সভাপতি,বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারিং এন্ড এক্সপোর্টারস এসোসিয়েশন, বিজিএমইএ কমপেক্স ২৩/১, পান্থপথ লিংক রোড, ঢাকা।
৫৩। সভাপতি, জাতীয় শ্রমিক লীগ, ২৩ বি,বি এভিনিউ, ঢাকা।
৫৪। সভাপতি, জাতীয় শ্রমিক পাটি, ইকবাল রোড, মোহাম্মদপুর, ঢাকা।
৫৫। সভাপতি, বাংলাদেশ ট্রেড ইউনিয়ন কেন্দ্র ২৩/২, তোপখানা রোড(৪র্থতলা), ঢাকা।
৫৬। সভাপতি,এপিও সোসাইটি ফর বাংলাদেশ,গ্রীন হোমস, ফ্লাট নং-২বি, বাসা নং ১০/৭,ব্লক-এ, ইকবাল রোড, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।
৫৭। সভাপতি,বাংলাদেশ এসোসিয়েশন অব সফটওয়্যার এন্ড ইনফরমেশন সার্ভিসেস(বেসিস),বিডিবিএল ভবন, ১২ কাওরান বাজার, ঢাকা।
৫৮। চেয়ারম্যান, বসুন্ধরা গ্রুপ, প্লট-৩, ব্লক-জি, উম্মে কুলসুম রোড, বসুন্ধরা আ/এ, ঢাকা।
৫৯। চেয়ারম্যান, মেঘনা গ্রুপ অব ইন্ডাষ্ট্রিজ, ফ্রেশ ভিলা, বাড়ী-১৫, রোড-৩৪, গুলশান-১, ঢাকা।
৬০। চেয়ারম্যান, সিটি গ্রুপ, সিটি হাউজ, প্লট-এন ডব্লিউ(জে)০৬, রোড-৫১, গুলশান-১, ঢাকা।
৬১। চেয়ারম্যান, এস আলম গ্রুপ, এস আলম ভবন, ২১১৯, আসাদগঞ্জ, চট্টগ্রাম।
৬২। চেয়ারম্যান, বেঙ্গল গ্রুপ অব ইন্ডাষ্ট্রিজ, বেঙ্গল হাউজ, ৭৫, গুলশান এভিনিউ, গুলশান-১, ঢাকা।
৬৩। চেয়ারম্যান, সানোয়ারা গ্রুপ অব কোম্পানিজ, ৮০/বি, মালিবাগ চৌধুরী পাড়া, ঢাকা।
৬৪। চেয়ারম্যান, নিটল নিলয় গ্রুপ অব ইন্ডাষ্ট্রিজ, ৭১, মহাখালী বা/এ, ঢাকা।
৬৫। চেয়ারম্যান, নাভানা গ্রুপ অব ইন্ডাষ্ট্রিজ, নাভানা টয়োটা ৩এস সেন্টার, ২০৫-২০৭, তেঁজগাও শি/এ, ঢাকা।

স্মারক নং- ৩৬.১০.০০০০.০১৬.২৩.০১২(অংশ-১)/১৭- ৬৬০ তারিখঃ ২৪/০৮/২০১৭

অবগতির জন্য প্রেরণ করা হল :

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়কে অবহিতকরণের জন্য)।
২। সহকারী প্রোগ্রামার, এনপিও, ঢাকা (গত ২২/০৮/২০১৭ তারিখে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণীটি এনপিও'র ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৩। অফিস কপি।

২৪/০৮/১৭

(এস.এম. আশরাফুজ্জামান)
পরিচালক (যুগ্ম সচিব)

## আগামী ০২ অক্টোবর, ২০১৭ তারিখে জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০১৭ উদযাপনের লক্ষ্যে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী :

সভাপতি : জনাব মোহাম্মদ আব্দুল্লাহ্
সচিব, শিল্প মন্ত্রণালয়
তারিখ : ২২-০৮-২০১৭
রোজ : মঙ্গলবার
সময় : সকাল ১১.৩০ টা
স্থান : শিল্প মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি আগামী ০২ অক্টোবর, ২০১৭ "জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০১৭" উদযাপনের লক্ষ্যে সভায় আলোচ্যসূচি উপস্থাপনের জন্য ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশনের (এনপিও) পরিচালককে অনুরোধ করেন। এনপিও'র পরিচালক জনাব এস.এম.আশরাফুজ্জামান আগামী ০২ অক্টোবর, ২০১৭ "জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০১৭" উদযাপনের আলোচ্যসূচি পর্যায়ক্রমে Power Point Presentation এর মাধ্যমে সভায় উপস্থাপন করেন।

সভায় আলোচ্যসূচি ভিত্তিক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্রমিক নং | আলোচ্যসূচি ও আলোচনা | সভায় সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| ১। | **প্রতিপাদ্য বিষয় ও স্লোগান নির্ধারণ :**<br>আগামী ০২ অক্টোবর, ২০১৭ জাতীয় উৎপাদনশীলতা দিবসের প্রতিপাদ্য বিষয় নির্ধারণের উপর আলোচনা করা হয়। প্রতিপাদ্য বিষয় "টেকসই উন্নয়ন ও প্রবৃদ্ধির জন্য উৎপাদনশীলতা অপরিহার্য" (Productivity is Essential for Sustainable Development and Growth) জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০১৭ এর প্রতিপাদ্য বিষয় নির্ধারণের প্রস্তাব করা হয়। সভায় উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় "টেকসই উন্নয়ন ও প্রবৃদ্ধির জন্য উৎপাদনশীলতা" (Productivity for Sustainable Development and Growth) দিবসের প্রতিপাদ্য বিষয় হিসেবে বিবেচনা করা যায় মর্মে উপস্থিত সদস্যগণ একমত পোষণ করেন।<br>সভায় ১০টি স্লোগান উপস্থাপন করা হলে ১ম স্লোগানটিতে মন্ত্রিপরিষদ বিভাগের প্রতিনিধি জনাব মোঃ সাইদুর রহমান, উপ সচিব জাতির জনক এর স্থলে জাতির পিতা লেখার প্রস্তাব করেন। বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের প্রতিনিধি বেগম জেসমিন নাহার, উপসচিব ১ এ বর্ণিত স্লোগানটি ২ নং ক্রমিকে বর্ণিত স্লোগানকে একত্র করে উৎপাদনশীলতা বৃদ্ধি করি, জাতির পিতার স্বপ্নের বাংলাদেশ গড়ি করার প্রস্তাব করেন। এসএমই ফাউন্ডেশনের প্রতিনিধি জনাব মুহাম্মদ খালেদুজ্জামান তালুকদার, ব্যবস্থাপক(প্রযুক্তি উন্নয়ন) ৪ নং ক্রমিকে বর্ণিত স্লোগানটি অপচয় রোধ করি, উৎপাদনশীলতা বৃদ্ধি করি করার প্রস্তাব করেন। এর পরিপ্রেক্ষিতে শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব(প্রশাঃ) জনাব মোঃ দাবিরুল ইসলাম অন্যান্য স্লোগানগুলির কিছু কিছু শব্দ পুনঃবিন্যাস করা যেতে পারে মর্মে সভায় মতামত ব্যক্ত করেন। উপস্থিত প্রতিনিধিগণকে এ বিষয়ে কোন মতামত থাকলে আগামী ০২ দিনের মধ্যে এনপিও পরিচালককে জানানোর জন্য অনুরোধ করা হয়। | ক) জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০১৭ এর প্রতিপাদ্য বিষয় হিসেবে "টেকসই উন্নয়ন ও প্রবৃদ্ধির জন্য উৎপাদনশীলতা" (Productivity for Sustainable Development and Growth) সর্বসম্মতভাবে নির্ধারণ করা হয়। ১০টি স্লোগানের মধ্যে ১ম স্লোগানটিতে জাতির জনকের স্থলে জাতির পিতা প্রতিস্থাপন এবং অন্যান্য স্লোগানের কিছু কিছু শব্দ আলোচনা করে স্লোগানগুলি পুনঃবিন্যাস করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) এনপিও পরিচালক এ বিষয়ে অতিরিক্ত সচিব (প্রশাঃ) এর সাথে আলোচনা করে প্রয়োজনীয় সংশোধন করবেন মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া নির্ধারিত সময়ের মধ্যে নতুন কোন স্লোগান পাওয়া গেলে সেগুলোও বিবেচনা করার বিষয়ে পদক্ষেপ গ্রহণ করবেন। | পরিচালক, এনপিও<br>অতিরিক্ত সচিব (প্রশাঃ)/ পরিচালক, এনপিও |

| | | | |
|---|---|---|---|
| ২। | **দিবসের র‍্যালি :** জাতীয় উৎপাদনশীলতা দিবস পালন উপলক্ষে প্রতিবারের ন্যায় এবারও একটি বর্ণাঢ্য র‍্যালির আয়োজন করা হবে। র‍্যালিটি সকাল ৮.০০ টায় ওসমানি স্মৃতি মিলনায়তনের সামনে হতে যাত্রা শুরু করে জাতীয় প্রেস ক্লাবে সমাপ্ত হবে মর্মে এনপিও পরিচালক সভাকে অবহিত করেন। দিবসের র‍্যালির কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য শিল্প মন্ত্রণালয়ের যুগ্ম সচিব (বিএসএফআইসি)কে আহবায়ক করে ০৫ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে মর্মেও তিনি জানান। | জাতীয় উৎপাদনশীলতা দিবস উদযাপন উপলক্ষে একটি বর্ণাঢ্য র‍্যালির আয়োজন করা হবে। সকাল ৮.০০ টায় ওসমানি স্মৃতি মিলনায়তনের সামনে হতে যাত্রা শুরু করে জাতীয় প্রেস ক্লাবে সমাপ্ত হবে। এ বিষয়ে র‍্যালির জন্য গঠিত কমিটি ও এনপিও'র কর্মকর্তা/ কর্মচারিবৃন্দ সর্বাত্তকভাবে দায়িত্ব পালন করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | আহবায়ক, প্রচারণা ও র‍্যালি কমিটি/ এনপিও এর কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ। |
| ৩। | **দিবস উদযাপনের নিরাপত্তা সংক্রান্ত :** অন্যান্য বছরের ন্যায় জাতীয় উৎপাদনশীলতা দিবসের র‍্যালি ও সেমিনার অনুষ্ঠানে প্রয়োজনীয় নিরাপত্তা বিধান কার্যক্রমে স্বরাষ্ট্র মন্ত্রণালয় (জন নিরাপত্তা বিভাগ) এর সহযোগিতার বিষয়টি এনপিও পরিচালক সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে, র‍্যালিতে মাননীয় শিল্পমন্ত্রী, শিল্প মন্ত্রণালয়ের সচিব, বিভিন্ন মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, বিভিন্ন ব্যবসায়ী প্রতিষ্ঠানের নেতৃবৃন্দসহ একটি বর্ণাঢ্য র‍্যালি করা হবে। এ র‍্যালির নিরাপত্তা বিধান জরুরি। স্বরাষ্ট্র মন্ত্রণালয় (সুরক্ষা সেবা বিভাগ) প্রতিনিধি জনাব মোঃ সফিকুর রহমান, সহকারী সচিব জানান যে, শিল্প মন্ত্রণালয় হতে আনুষ্ঠানিক পত্র পাওয়ার পর প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে। শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব সুষেণ চন্দ্র দাস সভাকে অবহিত করেন যে, শিল্প মন্ত্রণালয় হতে আনুষ্ঠানিক পত্র প্রেরণের উদ্যোগ গ্রহণ করা হচ্ছে। | আগামী ০২ অক্টোবর, ২০১৭ সোমবার ওসমানী স্মৃতি মিলানায়তন হতে সকাল ০৮.০০ টায় র‍্যালি শুরু করে জাতীয় প্রেসক্লাবের সামনে শেষ হবে। শিল্প মন্ত্রণালয় হতে র‍্যালির সার্বিক নিরাপত্তা প্রদানের জন্য ডিএমপি ও স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে আনুষ্ঠানিক পত্র প্রেরণ করতে হবে। | যুগ্ম সচিব (প্রশা-২)/ পরিচালক, এনপিও। |
| ৪। | **পোস্টার, ব্যানার, ফেস্টুন ও প্লাকার্ড ইত্যাদি প্রস্তুতকরণ :** জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০১৭ ব্যাপক প্রচারের লক্ষ্যে সারাদেশ ব্যাপী (বিভাগ, জেলা ও উপজেলার মাঠ পর্যায়ের সরকারি কর্মকর্তা এবং বেসরকারি বিভিন্ন ট্রেড বডির) সহযোগিতায় দিবস উদযাপনের পোস্টার, ব্যানার, ফেস্টুন ও প্লাকার্ড ইত্যাদি প্রস্তুতকরণের জন্য স্পন্সরের বিষয়টি সভায় আলোচনা করা হয়। সভাপতি নাসিবের দৃষ্টি আকর্ষণ করলে নাসিব সভাপতি জনাব মির্জা নুরুল গনী শোভন ও এফবিসিসিআই এর প্রতিনিধি জনাব চৌধুরী কামরুল হাসান পোস্টার, ব্যানার, ফেস্টুন ও প্লাকার্ড ইত্যাদি প্রস্তুতে প্রয়োজনীয় সহযোগিতার আশ্বাস প্রদান করেন। স্পন্সরের সহযোগিতা পাওয়া না গেলে এনপিও'র নিজস্ব উদ্যোগে ব্যবস্থা গ্রহণ করতে পারে মর্মে অতিরিক্ত সচিব জনাব সুষেণ চন্দ্র দাস মতামত ব্যক্ত করেন। | জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০১৭ ব্যাপক প্রচারের লক্ষ্যে সারাদেশব্যাপী দিবস উদযাপনের প্রয়োজনীয় পোস্টার, ব্যানার, ফেস্টুন ও প্লাকার্ড ইত্যাদি প্রস্তুতে এফবিসিসিআই ও নাসিবের সহযোগীতা নিতে হবে। কোন বিষয় বাকী থাকলে সেটি নিজস্ব বাজেট বরাদ্দ হতে সম্পাদনের ব্যবস্থা গ্রহণ করবে। | সভাপতি, এফবিসিসিআই/ সভাপতি, নাসিব/ এনপিও |

| | | | |
|---|---|---|---|
| ৫। | **টি-শার্ট ও ক্যাপ সংগ্রহ , বিতরণ :**<br>আগামী ০২ অক্টোবর, জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০১৭ প্রতিপাদ্য বিষয় উল্লেখপূর্বক সরকারি মনোগ্রামসম্বলিত টি-শার্ট ও ক্যাপ সরবরাহের স্পন্সরের বিষয়ে সভায় উপস্থিত প্রতিনিধিদের দৃষ্টি আকর্ষণ করলে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের প্রতিনিধি বেগম জেসমিন নাহার, উপসচিব সভাকে অবহিত করেন যে, কোন মন্ত্রণালয় বা কর্পোরেশনের পক্ষে আর্থিকভাবে সহযোগিতা করার সুযোগ নাই। এ প্রেক্ষিতে শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশা:) জনাব মোঃ দাবিরুল ইসলাম বলেন যে, জাতীয় উৎপাদনশীলতা দিবস শুধু শিল্প মন্ত্রণালয় বা এনপিও এর মধ্যে সীমাবদ্ধ নয়। এটি একটি সামগ্রিক জাতীয় বিষয়। তাই সকলের সহযোগিতা একান্ত প্রয়োজন। শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব মো: এনামুল হক বিভিন্ন ট্রেডবডি ও শিল্প প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করা যায় মর্মে সভায় অভিমত ব্যক্ত করেন। | বিভিন্ন ট্রেডবডি ও শিল্প প্রতিষ্ঠানের সাথে টি- শার্ট ও ক্যাপ সংগ্রহের জন্য যোগাযোগ করতে হবে। | পরিচালক, এনপিও |
| ৬। | **র‍্যালির আপ্যায়ন :**<br>প্রতি বছরের ন্যায় জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০১৭ এর র‍্যালিতে অংশগ্রহণকারীদের আপ্যায়নের জন্য স্পন্সরের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সভায় উপস্থিত প্রতিনিধিদের মধ্যে হতে কোন স্পন্সর তাৎক্ষণিকভাবে না পাওয়ায় সভাপতি এ বিষয়ে বিভিন্ন ট্রেডবডি ও শিল্প প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করার জন্য এনপিও পরিচালককে পরামর্শ প্রদান করেন । যদি সেরূপ কোন স্পন্সর না পাওয়া যায় তবে এনপিওর নিজস্ব বাজেট হতে ব্যয় মিটানোর উপর সভায় মতামত ব্যক্ত করা হয়। | দিবসের র‍্যালিতে অংশগ্রহণকারীদের আপ্যায়নের জন্য এনপিও পরিচালক বিভিন্ন ট্রেডবডি ও শিল্প প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করে কার্যক্রম গ্রহণ করবে । | পরিচালক, এনপিও |
| ৭। | **গোল টেবিল বৈঠক আয়োজন :**<br>জাতীয় উৎপাদনশীলতা দিবস উপলক্ষ্যে বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি (নাসিব) এর উদ্যোগে দিবসের প্রতিপাদ্য বিষয়ের উপর একটি গোলটেবিল বৈঠক আয়োজনের আলোচনা করা হয়। এ লক্ষ্যে এনপিও পরিচালক সভাকে অবহিত করেন যে, দিবসের গোল টেবিল বৈঠক আয়োজনসহ বিভিন্ন কার্যক্রম গ্রহণের জন্য ইতোমধ্যে এনপিও ও নাসিব এর মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। তদনুযায়ী গত বছরের ন্যায় নাসিব দিবসের গোল টেবিল বৈঠক আয়োজন করবে। তিনি গোল টেবিল বৈঠক আয়োজনের বিষয়ে যাবতীয় কর্মকান্ড পরিচালনার জন্য ইতোমধ্যে শিল্প মন্ত্রণালয়ের যুগ্ম সচিব (বিরা)কে আহবায়ক করে ০৫ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে মর্মে উল্লেখ করেন। নাসিব ও গঠিত কমিটি আলোচনাপূর্বক গোলটেবিল বৈঠকের ভেন্যু, প্রধান অতিথি, বিশেষ অতিথি, সভাপতি, মূলপ্রবন্ধ উপস্থাপক ও আলোচকবৃন্দ নির্ধারণ করতে পারে মর্মে সভায় মতামত ব্যক্ত করা হয় । | গোল টেবিল বৈঠক আয়োজন ও টকশো বিষয়ে গঠিত কমিটি নাসিবের সাথে আলোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে । | আহবায়ক, গোল টেবিল বৈঠক আয়োজন ও টকশো কমিটি/ সভাপতি, নাসিব |

| | | | |
|---|---|---|---|
| ৮। | ক্রোড়পত্র প্রকাশ :<br>জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০১৭ ব্যাপক প্রচারের লক্ষ্যে ২টি বাংলা ও ১টি ইংরেজি বহুল প্রচারিত দৈনিক পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশের বিষয়ে সভায় আলোচনা হয়। এনপিও পরিচালক সভাকে অবহিত করেন যে, দিবসের ক্রোড়পত্রে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় শিল্প মন্ত্রী, শিল্প সচিব এবং এপিও সেক্রেটারি জেনারেলের ছবিসহ বাণী এবং এনপিও পরিচালকের একটি প্রবন্ধ প্রকাশ করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০১৭ উপলক্ষ্যে ক্রোড়পত্র প্রকাশের জন্য ইতোমধ্যে শিল্প মন্ত্রণালয়ের যুগ্ম সচিব (প্রঃ-১)কে আহবায়ক করে ০৫ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০১৭ প্রচারের লক্ষ্যে ২টি বাংলা ও ১টি ইংরেজী দৈনিক পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশ করতে হবে। দিবসের ক্রোড়পত্রে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় শিল্প মন্ত্রী, শিল্প সচিব এবং এপিও সেক্রেটারি জেনারেলের ছবিসহ বাণী এবং এনপিও পরিচালকের উৎপাদনশীলতা সম্পর্কিত একটি প্রবন্ধ থাকবে। | আহবায়ক, স্মরণিকা এবং ক্রোড়পত্র কমিটি / পরিচালক, এনপিও |
| ৯। | Message প্রেরণ :<br>জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০১৭ এর প্রতিপাদ্য বিষয় বিভিন্ন শ্রেণী পেশার জনগণের নিকট ইংরেজি হরফে বাংলায় লিখে Robo-call ও SMSটি বিটিআরসি'র নিয়ন্ত্রণাধীন সেলফোন অপারেটরসমূহের মাধ্যমে আগামী ০২ অক্টোবর, ২০১৭ তারিখের পূর্বেই দেশবাসীকে অবহিতকরণের বিষয়ে সভায় উপস্থাপন করা হয়। ইতোমধ্যে শিল্প মন্ত্রণালয়ের যুগ্ম সচিব (বিএসএফআইসি) কে আহবায়ক করে ০৫ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে মর্মেও সভাকে জানানো হয়। | জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০১৭ এর প্রতিপাদ্য বিষয় বিভিন্ন শ্রেণী পেশার জনগণের নিকট ইংরেজি হরফে বাংলায় লিখে Robo-call ও SMSটি বিটিআরসি'র নিয়ন্ত্রণাধীন সেলফোন অপারেটরসমূহের মাধ্যমে আগামী ০২ অক্টোবর, ২০১৭ তারিখের পূর্বেই দেশবাসীকে অবহিতকরণের উদ্যোগ গ্রহণ করতে হবে। | আহবায়ক, প্রচারণা ও র‍্যালি কমিটি। |
| ১০। | বিভাগ, জেলা এবং উপজেলা শহরে দিবসটি পালনের কর্মসূচী গ্রহণ :<br>শিল্প মন্ত্রণালয় হতে জেলা, উপজেলা পর্যায়ে জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০১৭ এর কর্মসূচি বাস্তবায়নের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক সকল জেলার জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী কর্মকর্তাগণকে নির্দেশনা প্রদানের জন্য মন্ত্রিপরিষদ বিভাগে প্রস্তাব প্রেরণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগের প্রতিনিধি জনাব মোঃ সাইদুর রহমান, উপসচিব জানান যে, মন্ত্রণালয় হতে পত্র প্রাপ্তির পর মন্ত্রিপরিষদ বিভাগ হতে ব্যবস্থা নেওয়া হবে। শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব সুষেণ চন্দ্র দাস সভাকে অবহিত করেন যে, বিগত বছরসমূহে জেলা ও উপজেলা পর্যন্ত দিবস পালনের কর্মসূচি গ্রহণ করা হয়েছিল। অতিরিক্ত সচিব (প্রশাঃ) জনাব মোঃ দাবিরুল ইসলাম শিল্প মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বিসিকের জেলা অফিসগুলোকে সংশ্লিষ্ট জেলা প্রশাসকদের সাথে সমন্বয়পূর্বক দিবসের কর্মসূচি বাস্তবায়নের জন্য মন্ত্রণালয় কর্তৃক পৃথক নির্দেশনা প্রদানের বিষয়ে সভায় আলোকপাত করেন এবং নাসিব ও বিভিন্ন চেম্বারের আঞ্চলিক/জেলা অফিসগুলোকে অন্তর্ভুক্ত করা যায় মর্মে তিনি মত প্রকাশ করেন। নাসিবের সভাপতি গত বছরের ন্যায় এবারও জেলা, উপজেলা পর্যায়ে প্রয়োজনীয় সহযোগিতা করা হবে মর্মে সভাকে জানান। জনাব মোঃ দাবিরুল ইসলাম, অতিরিক্ত সচিব এনপিও'র পরিচালককে সকল জেলার চেম্বার অব কমার্স বরাবরে দিবসের কর্মসূচি বাস্তবায়নের সহযোগিতা চেয়ে পত্র প্রেরণের উপর গুরুত্ব আরোপ করেন। | ক) মন্ত্রিপরিষদ বিভাগে অতি দ্রুত আনুষ্ঠানিক পত্র প্রেরণ করতে হবে এবং মন্ত্রিপরিষদের নির্দেশনাটি যথা সময়ে সংশ্লিষ্ট জেলা, উপজেলায় পৌঁছানোর বিষয়টি এনপিও পরিচালক ফলোআপ করবেন।<br><br>খ) শিল্প মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বিসিকের জেলা অফিসগুলোকে সংশ্লিষ্ট জেলা প্রশাসকদের সাথে সমন্বয়পূর্বক দিবসের কর্মসূচি বাস্তবায়নের জন্য মন্ত্রণালয় হতে চেয়ারম্যান বিসিককে অনুরোধ করতে হবে।<br><br>গ) নাসিব ও বিভিন্ন চেম্বারের জেলা পর্যায়ের কার্যলয়সমূহকে দিবসটি পালনের জন্য এনপিও কর্তৃক অনুরোধ পত্র প্রেরণ করতে হবে। | ক) শিল্প মন্ত্রণালয়ের যুগ্ম সচিব (প্রশাঃ-২) / পরিচালক,এনপিও |

| | | | |
|---|---|---|---|
| ১১। | **স্মরণিকা প্রকাশ :**<br>এনপিও পরিচালক সভাকে অবহিত করেন যে, প্রতিবছর জাতীয় উৎপাদনশীলতা দিবস উদযাপন উপলক্ষ্যে একটি স্মরণিকা প্রকাশ করা হয় । এ বছরও একটি স্মরণিকা প্রকাশ করতে হবে । স্মরণিকার যাবতীয় ব্যয় ভার বহন করার জন্য ব্যবসায়ী সংগঠন/প্রতিষ্ঠানকে স্পন্সরের বিষয়ে তিনি সকলের দৃষ্টি আকর্ষণ করেন। স্মরণিকা প্রকাশের জন্য বাণী সংগ্রহ, উৎপাদনশীলতা বিষয়ক লেখা আহবান, উৎপাদনশীলতার গুরুত্ব, তাৎপর্য এবং সুফল সম্পর্কে বিভিন্ন ব্যক্তির প্রবন্ধ সংগ্রহক্রমে সম্পাদনাসহ প্রকাশের ব্যবস্থা গ্রহণ করা যায় মর্মে অতিরিক্ত সচিব জনাব মোঃ দাবিরুল ইসলাম উল্লেখ করেন। জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০১৭ উপলক্ষে স্মরণিকা প্রকাশের জন্য শিল্প মন্ত্রণালয়ের যুগ্ম সচিব (প্রঃ-১)কে আহবায়ক করে ০৫ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে মর্মে এনপিও পরিচালক সভাকে অবহিত করেন। জনাব মোঃ দাবিরুল ইসলাম, অতিরিক্ত সচিব (প্রশাঃ) স্মরণিকা প্রকাশের ব্যয়ভার বহনের জন্য বিভিন্ন ট্রেডবডি/শিল্প প্রতিষ্ঠান হতে বিজ্ঞাপন গ্রহণের বিষয়ে এনপিও পরিচালককে যোগাযোগ করার প্রস্তাব করেন । | ক) জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০১৭ উপলক্ষ্যে একটি স্মরণিকা প্রকাশ করতে হবে ।<br><br>খ) স্মরণিকা প্রকাশের জন্য বাণী সংগ্রহ, উৎপাদনশীলতা বিষয়ক লেখা আহবান, উৎপাদনশীলতার গুরুত্ব, তাৎপর্য এবং সুফল সম্পর্কে বিভিন্ন ব্যক্তির প্রবন্ধ সংগ্রহক্রমে সম্পাদনাসহ প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>গ) স্মরণিকা প্রকাশের অর্থ সংগ্রহের লক্ষ্যে বিভিন্ন ট্রেডবডি/শিল্প প্রতিষ্ঠান হতে বিজ্ঞাপন সংগ্রহের বিষয়ে এনপিও পরিচালক প্রয়োজনীয় যোগাযোগ করবেন । | আহবায়ক, স্মরণিকা ও ক্রোড়পত্র কমিটি / পরিচালক, এনপিও |
| ১২। | **বিটিভিতে টকশো আয়োজন :**<br>প্রতিবছরের ন্যায় সরকার ঘোষিত উৎপাদনশীলতা আন্দোলন আরো জোরদার করার লক্ষ্যে তথ্য মন্ত্রণালয়ের মাধ্যমে উৎপাদনশীলতার গুরুত্ব ও প্রয়োজনীয়তা সম্পর্কে ০২ অক্টোবর, ২০১৭ তারিখে বিটিভিতে সুবিধাজনক সময়ে টকশো প্রচারের বিষয় সভায় উপস্থাপিত হয় । দিবসের তাৎপর্য বর্ণনাপূর্বক মাননীয় শিল্পমন্ত্রী, শিল্প সচিব মহোদয়, এনপিও পরিচালক ও এফবিসিসিআই এর সভাপতি টকশোতে অংশ গ্রহণের বিষয়ে আলোচনা হয় । বিটিভিতে টকশো আয়োজনের জন্য শিল্প মন্ত্রণালয়ের যুগ্ম সচিব (বিরা)কে আহবায়ক করে ০৫ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে মর্মে এনপিও পরিচালক জানান । | প্রতিবছরের ন্যায় উৎপাদনশীলতার গুরুত্ব ও প্রয়োজনীয়তা সম্পর্কে ০২ অক্টোবর, ২০১৭ তারিখে তথ্য মন্ত্রণালয়ের মাধ্যমে বিটিভিতে সুবিধাজনক সময়ে টকশো প্রচারের উদ্যোগ গ্রহণ করতে হবে । দিবসের তাৎপর্য বর্ণনাপূর্বক মাননীয় শিল্পমন্ত্রী, শিল্প সচিব, এনপিও পরিচালক ও এফবিসিসিআই এর সভাপতি টকশোতে অংশ গ্রহণ করবেন । | আহবায়ক, গোল টেবিল বৈঠক আয়োজন ও টকশো কমিটি/ পরিচালক, এনপিও |
| ১৩। | **সেমিনার আয়োজন, প্রধান অতিথি, বিশেষ অতিথি এবং সভাপতি নির্ধারণ :**<br>জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০১৭ উপলক্ষ্যে প্রতি বছরের ন্যায় জাতীয় উৎপাদনশীলতা দিবসের প্রতিপাদ্য বিষয়ের উপর সকাল ১০.০০ টায় সিরডাপ মিলনায়তনে একটি সেমিনারের আয়োজন করার বিষয়টি উপস্থাপন করা হয়। সেমিনারে প্রধান অতিথি, বিশেষ অতিথি, সভাপতি, মূলপ্রবন্ধ উপস্থাপক ও আলোচকবৃন্দ নির্ধারণের বিষয়ে আলোচনা করা হয়। বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (বুয়েট) এর সম্মানিত উপাচার্য প্রফেসর সাইফুল ইসলাম সেমিনারে একজন মূল প্রবন্ধ উপস্থাপক নির্বাচন করে এনপিও'র পরিচালককে অবহিত করবেন মর্মে সভায় জানান। এ বিষয়ে শিল্প মন্ত্রণালয়ের যুগ্ম সচিব (বিসিআইসি) কে আহবায়ক করে ০৫ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে মর্মে এনপিও পরিচালক সভাকে অবহিত করেন। | জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০১৭ উপলক্ষ্যে প্রতি বছরের ন্যায় জাতীয় উৎপাদনশীলতা দিবসের প্রতিপাদ্য বিষয়ের উপর সকাল ১০.০০ টায় সিরডাপ মিলনায়তনে একটি সেমিনারের আয়োজন করতে হবে । সেমিনারের প্রধান অতিথি, বিশেষ অতিথি, সভাপতি, মূল প্রবন্ধ উপস্থাপক ও আলোচক নির্ধারণের বিষয়ে গঠিত কমিটির আহবায়ক ও এনপিও'র পরিচালক আলোচনাক্রমে নির্ধারণ করবেন। বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (বুয়েট) এর সম্মানিত উপাচার্য এর সাথে যোগাযোগ করে দিবসের প্রতিপাদ্য বিষয়ের উপর অনুষ্ঠিতব্য সেমিনারের একজন মূল প্রবন্ধ উপস্থাপকের নাম জেনে প্রবন্ধ উপস্থাপকের সাথে যোগাযোগ করতে হবে। | আহবায়ক, সেমিনার ও আলোচনা সভা কমিটি/ পরিচালক, এনপিও |

| | | | |
|---|---|---|---|
| ১৪। | সেমিনারে আপ্যায়ন : জাতীয় উৎপাদনশীলতা দিবস উপলক্ষ্যে সেমিনারের আমন্ত্রিত অতিথিদের আপ্যায়নের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এফবিসিসিআই এর প্রতিনিধি জনাব চৌধুরী কামরুল হাসান সভাকে অবহিত করেন যে, বিগত বছরে জাতীয় উৎপাদনশীলতা দিবস উপলক্ষ্যে অনুষ্ঠিত সেমিনারটি এফবিসিসিআই মিলনায়তনে করা হয়েছিল এবং এফবিসিসিআই উপস্থিত সদস্যদের আপ্যায়নের ব্যবস্থা করেছিল। সেমিনারে আমন্ত্রিত অতিথিদের আপ্যায়নের বিষয়ে তাৎক্ষণিকভাবে সভায় কোন স্পন্সরের প্রস্তাব পাওয়া যায়নি। শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব সুষেণ চন্দ্র দাস সেমিনারে আমন্ত্রিত প্রতিনিধিদের আপ্যায়নের বিষয়ে স্পন্সরের জন্য বিভিন্ন ট্রেডবডি/ব্যবসায়ী প্রতিষ্ঠানের সঙ্গে যোগাযোগ করার জন্য এনপিও পরিচালককে পরামর্শ প্রদান করেন । অতিরিক্ত সচিব জনাব মোঃ দাবিরুল ইসলাম স্পন্সরের সহযোগীতা পাওয়া না গেলে এনপিও'র নিজস্ব বরাদ্দ হতে ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে মর্মে সভায় মতামত ব্যক্ত করেন । | জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০১৭ উপলক্ষ্যে আয়োজিত সেমিনারে উপস্থিত সদস্যদের আপ্যায়নের বিষয়ে এনপিও হতে বিভিন্ন ট্রেডবডি/ব্যবসায়ী প্রতিষ্ঠানের সঙ্গে যোগাযোগ করতে হবে। কোন উৎসাহী স্পন্সর পাওয়া না গেলে এনপিও'র নিজস্ব বরাদ্দ হতে ব্যয় মিটানো হবে । | পরিচালক, এনপিও |
| ১৫। | টিভি চ্যানেলসমূহে প্রচার : সরকারি ও বেসরকারি টিভি চ্যানেলসমূহে টিভি স্ক্রলে জাতীয় উৎপাদনশীলতা দিবস পালন করুন এবং "টেকসই উন্নয়ন ও প্রবৃদ্ধির জন্য উৎপাদনশীলতা" এ বাক্যটি ০২ অক্টোবর, ২০১৭ তারিখে টিভি স্ক্রলে অবিরাম দেখানো নিশ্চিত করার বিষয়ে এনপিও এর পরিচালক সভায় উপস্থাপন করেন। তথ্য মন্ত্রণালয়ের প্রতিনিধি জনাব মোঃ মোতালেব হোসাইন, সহকারী সচিব, জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০১৭ এর প্রতিপাদ্য বিষয়টি সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে প্রচার করা যেতে পারে মর্মে সভায় মতামত ব্যক্ত করেন। তৎপ্রেক্ষিতে এনপিও পরিচালক সভাকে অবহিত করেন যে, এনপিও এর National Productivity Organisation (NPO), Bangladesh নামে একটি নিজস্ব ফেসবুক পেইজ আছে। উক্ত ফেসবুক পেইজে যে কেউ প্রবেশ করতে পারে এবং প্রয়োজনীয় তথ্যাদি অবলোকন করতে পারে। তথ্য মন্ত্রণালয়ের প্রতিনিধি আনুষ্ঠানিক পত্র পাওয়ার পর টিভি স্ক্রলে অবিরাম প্রচারের উদ্দোগ গ্রহণ করবেন মর্মে অবহিত করেন। | শিল্প মন্ত্রণালয় হতে সরকারি ও বেসরকারি টিভি চ্যানেলসমূহে টিভি স্ক্রলে জাতীয় উৎপাদনশীলতা দিবস পালন করুন এবং "টেকসই উন্নয়ন ও প্রবৃদ্ধির জন্য উৎপাদনশীলতা" এ বাক্যটি ০২ অক্টোবর, ২০১৭ টিভি স্ক্রলে অবিরাম দেখানোর জন্য তথ্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে। এনপিও'র সামাজিক যোগাযোগ মাধ্যমে জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০১৭ এর প্রতিপাদ্য বিষয়টি প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে । | যুগ্ম সচিব (প্রশাঃ-২)/ পরিচালক, এনপিও |

অতঃপর সভাপতি আগামী ২ অক্টোবর জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০১৭ যথাযথভাবে উদযাপনে সকলকে আন্তরিকতার সাথে দায়িত্ব পালনের আহবান জানান এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

স্বাক্ষরিত/
২৩/০৮/২০১৭
(মোহাম্মদ আব্দুল্লাহ্)
সচিব
শিল্প মন্ত্রণালয়